

# 4th India-New Zealand Foreign Ministry Consultations

June 23, 2022

## চতুর্থ ভারত-নিউজিল্যান্ড বিদেশমন্ত্রক পরামর্শ

জুন 23, 2022

ভারত এবং নিউজিল্যান্ডের মধ্যে চতুর্থ বিদেশমন্ত্রক পরামর্শ 23 শে জুন 2022-এ নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রী সৌরভ কুমার, সচিব (পূর্ব) অন্যদিকে নিউজিল্যান্ডের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন সেইদেশের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের আমেরিকান এবং এশিয়া গ্রুপের উপ সচিব মিস্টার মার্ক সিনক্লেয়ার।

2. বাণিজ্য এবং বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, জনগণের সাথে জনগণের সম্পর্ক, সন্ত্রাস-প্রতিরোধ, সাইবার সুরক্ষা এবং নিরস্ত্রীকরণ সহ উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা করে উভয়পক্ষ বিভিন্ন ক্ষেত্রে বন্ধনকে গভীর এবং সম্পৃক্ততাকে আরও বৃদ্ধি করার প্রতি তাদের আগ্রহ প্রকাশ করেছে।

3. বিদেশ মন্ত্রকের পরামর্শটি পারস্পরিক স্বার্থের সমসাময়িক আঞ্চলিক ও আন্তর্জাতিক সমস্যাগুলির উপরে মত বিনিময়েরও একটি সুযোগ করে দিয়েছে। এই অঞ্চলে ঘনিষ্ঠ সহযোগিতার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়ে উভয় পক্ষ স্বাধীন, উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক এবং স্থিতিশীল ইন্দো-পেসিফিকের গুরুত্বের কথা পুনরায় ব্যক্ত করেছে। আঞ্চলিক এবং বহুপাক্ষিক ফোরামে সমন্বয়কে মজবুত করার উপায় নিয়েও আলোচনা করা হয়েছে।

নিউ দিল্লি

23 জুন 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.